

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০০২.০০.০০.০০১.২০১১(অংশ-১)- ২৪৬

তারিখ : ১৯ চৈত্র, ১৪২৩
০২ এপ্রিল, ২০১৭


বিষয় : ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত পরিচালনার সুবিধার্থে এজলাস নির্মাণ সংক্রান্ত তথ্য প্রেরণ।

সূত্র : ৪৬.০১৮.০০২.০০.০০.০০১.২০১১(অংশ-১)-৬৮৩, তারিখ : ২০/১১/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রাম আদালত আইন, ২০০৬ এর আওতায় প্রতিটি ইউনিয়নে গ্রাম আদালত কার্যকর করার উদ্যোগ নেয়া হয়েছে। পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে গ্রাম আদালতের এজলাস নির্মাণ করা হবে। এজন্য তাঁর জেলাধীন যে সকল ইউনিয়ন পরিষদে এজলাস নাই অথচ এজলাস নির্মাণের জায়গা আছে সে সব ইউনিয়ন পরিষদের নামের তালিকা প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়। কিন্তু নিম্নবর্ণিত জেলা সমূহের তথ্যাদি পাওয়া যায়নি।

জেলাসমূহের নাম
ঢাকা, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, চাঁদপুর, রাঙ্গামাটি, মৌলভীবাজার, সিরাজগঞ্জ, নাটোর, মাগুরা, ঝিনাইদহ, বরগুনা এবং ভোলা।

০২। এমতাবস্থায়, আপনার জেলাধীন যে সকল ইউনিয়ন পরিষদে এজলাস নাই অথচ এজলাস নির্মাণের জায়গা আছে সে সব ইউনিয়ন পরিষদের নামের তালিকা আগামী ০৬/০৪/২০১৭ তারিখের মধ্যে হার্ডকপি ও সফট কপি (up2lgd@gmail.com) জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক

-----জেলা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব(ইউপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।